সংবাদ

তারিখ ২৩।৭।৮১

পৃষ্ঠা

409

056

পাশের হার ৫৫'৭৩ শতাংশ

# রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত

রাজশাহী, ১২ই জুলাই (বাসস)।---রাজশাহী বোর্ডের এস, এস, সি পরীক্ষার ফল আজ সন্ধ্যায় ঘোষণা করা হয়েছে।

গত মার্চ-এপ্রিলে অনুষ্ঠিত এবারের এস, এস, সি পরীক্ষার বিভিন্ন গ্রুপে অংশগ্রহণকারী মোট ৫১ হাজার ৮০৫ জন পরীক্ষার্থীর মধ্যে ২৮ হাজার ৮৭০ জন পাশ করেছে। পাসের হার শতকরা ৫৫ দশমিক ৭৩ ভাগ।

তন্মধ্যে ২ হাজার ৮০৭ জন প্রথম বিভাগে, ১৪ হাজার ৩৪১ জন দ্বিতীয় বিভাগে এবং ১১ হাজার ৭২২ জন তৃতীয় বিভাগে পাশ করেছে।

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## এসএসসি পরীক্ষার ফল

(১ম পাতার পর)

রাজশাহী ক্যাডেট কলেজের হাশেম আহমদ (রোল ১৯১) ৬টি বিষয়ে লেটারসহ মোট ৮৪৪ নম্বর পেয়ে সম্মিলিত গ্রুপে প্রথম হয়েছে। সম্মিলিত গ্রুপে দ্বিতীয় হয়েছে রংপুর জেলা স্কুলের মোহাম্মদ ইকবাল বাহার (রোল ৫২৫)। ৬টি বিষয়ে লেটারসহ সে মোট ৮৩৮ নম্বর পেয়েছে।

রংপুর জেলা স্কুলের আনিসুল হক (রোল ৫২৬) ৬টি বিষয়ে লেটারসহ মোট ৮২৯ নম্বর পেয়ে সম্মিলিত গ্রুপে তৃতীয় হয়েছে।

রাজশাহী সরকারী পি,এন, গার্লস হাই স্কুলের মিস ফারহানা হক (রোল ১২৪৭) মহিলাদের মধ্যে প্রথম এবং সম্মিলিত গ্রুপে চতুর্থ হয়েছে। সে ৬টি বিষয়ে লেটারসহ মোট ৮৩৪ নম্বর পেয়েছে।